



নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

Natore Palli Bidyut Samity-1

ফুলবাগান, নাটোর-৬৪০০।



ফোনঃ পিএবিএক্স-০৭৭১-৬৬৯৫৮, সরাসরি-৬৬৮৭৫

E-Mail: natorepbs1@gmail.com

Web Address: www.pbs1.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০১.০৩৮.২৩. ২৪৭৭

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “অভিন্ন কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম” সরবরাহ/ছাপানোর লক্ষ্যে কোটেশন আহবান বিজ্ঞপ্তি (RFQ-32/2022-2023)।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর দাপ্তরিক কাজের স্বার্থে “অভিন্ন কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম” সরবরাহ/ছাপানোর লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|-------------------|---|---|---------------------|---------------------|
| ০১। | # অভিন্ন কম্পিউটার বিদ্যুৎ বিল ফর্মঃ (ক) কম্পিউটার বিদ্যুৎ বিল ফর্ম কন্টিনিয়াস পেপারে ছাপা, যার বামে ও ডানে ট্রাটারের ছিদ্র সমূহ স্টার পাঞ্চ দ্বারা তৈরী করতে হবে যাতে ছিদ্র সমূহ কোন ডাষ্ট না থাকে। কাগজের মান ৭০ গ্রাম GSM উন্নতমানের অফসেট সাইজঃ ১১"×৯.৫"(১১"×৮.৫"-পারপুর্বেশন ব্যতীত) কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট মোতাবেক। এক পাতার ফর্মের প্রথম পৃষ্ঠার উপরে বামদিকে ৬ অংকের ক্রমিক নং থাকবে। ২০০০ সীটে প্যাকেট যার নূন্যতম ওজন ৯.৩৩ কেজি হবে। | ২,৫০,০০০ টি (১২৫ বক্স এবং প্রতি বক্সে ২০০০ সীট) (কম বেশী হতে পারে) | | |
| সর্বমোট= | | | | |
| মোট টাকা (কথায়): | | | | |


দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|-----|---|--|
| ০১। | দরপত্র জমা দেওয়ার তারিখ ও সর্বশেষ সময় | ১১/০৬/২০২৩ খ্রিঃ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২। | দরপত্র জমা দেয়ার স্থান | ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। খ) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর-৬৪০০ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। |
| ০৩। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ১১/০৬/২০২৩ খ্রিঃ রোজ রবিবার বেলা ১১:০৫ ঘটিকায়। ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। খ) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর-৬৪০০ এর সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। |

(চলমান পৃষ্ঠা-০২)


শর্তাবলীঃ

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে সীলমোহরকৃত দরপত্র জমা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্রের সহিত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। খামের উপর স্পষ্টাক্ষরে “অভিন্ন কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম সরবরাহ/ছাপানোর দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র পবিস এর নমুনা মোতাবেক “অভিন্ন কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম” সরবরাহ করতে হবে।
- ০৪। বিল পরিশোধের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী ভ্যাট এবং আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। নিরাপত্তা জামানত হিসাবে বিল হতে ৫% জামানত কর্তন করা হবে যা ০৪ (চার) মাস পর ফেরত প্রদান করা হবে।
- ০৫। যথাযথভাবে মালামাল সরবরাহের পর চালানপত্র ও বিল দাখিল স্বাপেক্ষে হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৬। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন আংশিক/সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।


(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হল)
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নাটোর।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.....পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নাটোর।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....উপজেলা, নাটোর।
- ০৭। ডিজিএম (সদর-কারিগরি ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/আইটি), নাটোর পবিস-১। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ০৯। web Address ; www.pbs1.natore.gov.bd
- ১০। নোটিশ বোর্ড, নাটোর পবিস-১।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।


(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার